

২০২৪-২৫ অর্থবছরে উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটির প্রথম সভার কার্যবিবরণী

সভাপতিঃ ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।

স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, ঝিকরগাছা, যশোর।

তারিখঃ ২৮/০৭/২০২৪ খ্রি।

উপস্থিতির তালিকাঃ সংযুক্ত

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত এবং শুভেচ্ছা জানান। তিনি সদস্য সচিব উপজেলা প্রাণিসম্পদ অফিসার কে কমিটির কার্যক্রম সম্পর্কে বিস্তারিত উপস্থাপনের অনুরোধ জানান। সদস্য সচিব উপস্থিত সদস্যবৃন্দকে জানান যে, এটি ২০২৪-২৫ অর্থবছরে মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটির প্রথম সভা। উক্ত কমিটির কার্যাবলী/কার্যপরিধি নিম্নরূপ:

- বিভিন্ন বিভাগের প্রাণিসম্পদ ও মৎস্য সংক্রান্ত কার্যক্রম, এবং এ বিষয়ে সরকারি বরাদ্দ ও বিভিন্ন ক্ষীমসমূহের বাস্তবায়ন পর্যালোচনা করা এবং কোন অসংগতি পরিলক্ষিত হলে উপজেলা পরিষদের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করা।
- উপজেলা পরিষদের নিজস্ব সম্পদ বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পর্যায়ে অব্যবহৃত পুকুর, জলাশয় ও চারণভূমি ব্যবহারযোগ্য করার জন্য উপজেলা পরিষদকে উৎসাহ ও সহযোগিতা প্রদান করা।
- মৎস্য ও প্রাণিসম্পদের উন্নয়নের জন্য পরিকল্পনা প্রণয়নে উপজেলা পরিষদকে সহায়তা প্রদান করা।
- অবহেলিত জনগোষ্ঠীর দারিদ্রতা হ্রাস ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচির অর্থায়নে বাণিজ্যিক ভিত্তিতে হাঁস, মুরগী, পশু বা মৎস্য খামার গড়ে তোলার জন্য জনগণকে উদ্বুদ্ধ করা।
- মৎস্য চাষী ও প্রাণিসম্পদ পালনকারীদের প্রশিক্ষণ পরিকল্পনা, প্রশিক্ষণ প্রদান, উদ্বুদ্ধকরণে যাবতীয় দায়িত্ব পালন করা ও কর্মসূচি প্রণয়ন করতে পরিষদকে সহায়তা করা।
- উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন, চাষ, সম্প্রসারণের প্রয়াসে উপজেলা মৎস্য কর্মকর্তা ও প্রাণিসম্পদ কর্মকর্তাগণের সঙ্গে সম্পৃক্ত সকল সরকারি ও বেসরকারি সেবার যাবতীয় কারিগরি প্রশিক্ষণ, উপকরণ সরবরাহ ও ঋণ প্রদান কার্যক্রম পর্যালোচনা করা।
- মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন ও মৎস্যজীবীদের ব্যাংকে ঋণ গ্রহণ সংক্রান্ত সুপারিশমালা উপজেলা পরিষদে উপস্থাপন করা।

প্রাণিজ আমিষের চাহিদা পূরণের ক্ষেত্রে মৎস্য ও প্রাণিসম্পদ এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই উক্ত বিভাগের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনে নিজ নিজ দপ্তরের বরাদ্দের পাশাপাশি উপজেলার বার্ষিক উন্নয়ন তহবিল হতে বরাদ্দ পাওয়া গেলে অত্র উপজেলার মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরের সার্বিক উন্নয়ন সম্ভব হবে। এ ব্যাপারে সকল সদস্য একমত পোষন করেন এবং চাহিদা অনুযায়ী প্রকল্প জমা দেওয়ার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর কে অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২৮/০৭

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর

ও

সভাপতি

উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটি